দৈনিক বাংলা

তারিখ 02 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 8

073

# এসএসসি পরীক্ষা গ্রহণের প্রস্তুতি সম্পন্ন

আগামী ৬ই মার্চ দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বেসরকারী স্কুল শিক্ষকদের ধর্মঘটের ফলে যাতে এসএসসি পরীক্ষা বিঘ্নিত না হয় এবং শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ করা যায় সে জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

করেছেন। খবর তথ্য বিবরণীর।

জেলা প্রশাসকগণ তাঁদের নিজ নিজ জেলায় মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে থাকবেন। প্রয়োজনবোধে তাঁরা প্রত্যেক কেন্দ্রের জন্য কেন্দ্র সচিব, ও পরীক্ষা হলের পরিদর্শক (ইনভিজিলেটর) নিয়োগ করবেন এবং কেন্দ্র কমিটিও পুনর্গঠন করতে পারবেন। এই কাজে যে কোন সরকারী কর্মচারী, প্রাথমিক শিক্ষা পরিদফতরের কর্মকর্তা, সরকারী বেসরকারী কলেজের শিক্ষক, সরকারী স্কুলের শিক্ষক, প্রাইমারী স্কুলের অভিজ্ঞ শিক্ষক, পিটিআই স্টাফ কিংবা ঐ কাজের জন্য যোগ্য বিবেচিত যে কোন ব্যক্তিকে নিয়োগ করতে পারবেন।

কেন্দ্র সচিবের যাতে তাদের উপর দায়িত্ব যথাযথভাবে পালন করেন তা জেলা প্রশাসকগণ নিশ্চিত করবেন। কেন্দ্র কর্তৃপক্ষ যাতে পরীক্ষার প্রোগ্রাম ও প্রশ্নপত্র যথাযথভাবে গ্রহণ করতে পারেন জেলা প্রশাসক তার নিরাপত্তা বিধান করবেন। অনুরূপভাবে উত্তরপত্র পূর্ণ নিরাপত্তার মাধ্যমে শিক্ষা বোর্ডে প্রেরণের ব্যবস্থা নেবেন।

সকল পরীক্ষার্থী যাতে তাদের স্কুল থেকে ৩রা ও ৪ঠা মার্চের মধ্যে প্রবেশপত্র সংগ্রহ করতে পারেন, জেলা প্রশাসক তার ব্যবস্থা গ্রহণ করবেন। কোন কারণে স্কুল থেকে প্রবেশপত্র সংগ্রহ করা সম্ভব না হলে পরীক্ষা কেন্দ্র/উপকেন্দ্র থেকে প্রবেশপত্র প্রদানের ব্যবস্থা করা হবে। জেলা প্রশাসক এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

যদি কোন কেন্দ্র/উপকেন্দ্র পরীক্ষা গ্রহণের জন্য অসুবিধাজনক বলে বিবেচিত হয় তা হলে নিকটতম স্কুল, মাদ্রাসা অথবা কলেজে বিকল্প কেন্দ্র/উপকেন্দ্র স্থাপন করা যাবে।